

ছবি

ভিডিও

সাক্ষাৎকার

ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শেষ ধাপে সশরীরে ভর্তি শুরু, যা যা করতে হবে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিতে শেষ ধাপে সশরীরে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে আজ সোমবার (১০ জুন)। পঞ্চম ধাপের বিষয় বরাদ্দের পর আগামী বুধবার (১২ জুন) পর্যন্ত এ প্রক্রিয়া চলবে। এর আগে শুক্রবার এবং শনিবার ভর্তির প্রাথমিক প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে ভর্তিচ্ছুদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।

অনলাইন ভর্তি কমিটির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে সব ইউনিটে ভর্তির চূড়ান্ত বিষয় বরাদ্দ প্রকাশ করা হয়েছে। এ বরাদ্দের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল আসনে বরাদ্দ সম্পন্ন করা হয়েছে। ১ জুলাই থেকে ক্লাস শুরু হবে। ১০ থেকে ১২ জুন তারিখের মধ্যে চূড়ান্তভাবে বিষয় বরাদ্দপ্রাপ্ত শিক্ষার্থীদের বিষয়-সংশ্লিষ্ট বিভাগ বা ইনস্টিটিউটে সশরীরে হাজির হয়ে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে। সশরীরে বিভাগ বা ইনস্টিটিউটে হাজির হওয়ার পূর্বে শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও অন্যান্য ফি অনলাইনে জমা দিয়ে টাকা প্রাপ্তি রসিদ ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। প্রিন্ট কপিটি বিভাগ বা ইনস্টিটিউট অফিসে জমা দিতে হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো